



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং: ৪৬.০০.০০০০.০৭০.১৯.০০১.২০-৮৫৭

তারিখ: ০৯ শ্রাবণ ১৪২৯
২৪ জুলাই ২০২২


বিষয়: ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার শূন্য পদে ০৩ (তিন) জন কর্মকর্তা প্রেষণে পদায়ন।

- সূত্র: ১. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের স্মারক নং-৪৬.২০৭.০০০.০৩.০১.৭৩৩.২০২১.৪০৪, তারিখ: ২৪ মে ২০২২খ্রি.।
২. স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.১১.৩৩৬.১৪-৬০৪, তারিখ: ০৫ জুন ২০২২খ্রি.;
৩. ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের স্মারক নং-৪৬.২০৭.০০০.০৩.০১.৪৮৮৮.২০২২.৫৫০, তারিখ: ১৩ জুলাই ২০২২খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার ০২(দুই)টি শূন্য পদে ০২ (দুই) জন উপযুক্ত কর্মকর্তা প্রেষণে পদায়নের জন্য সূত্রোক্ত ১নং স্মারকে উক্ত সিটি কর্পোরেশন হতে অনুরোধ করা হয়েছিল। সেপ্রক্ষিতে উক্ত আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার ০২ (দুই)টি শূন্য পদে জনস্বার্থে উপযুক্ত কর্মকর্তা পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রোক্ত ২নং স্মারকে জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়। বর্তমানে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আঞ্চলিক কার্যালয়ের সার্বিক কার্যক্রম নির্বিঘ্ন রাখার লক্ষ্যে উক্ত সিটি কর্পোরেশনের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার ০৩ (তিন)টি শূন্য পদে ০৩ (তিন) জন বিসিএস (প্রশাসন) ক্যাডারের উপসচিব পদমর্যাদার কর্মকর্তা প্রেষণে পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সূত্রোক্ত ৩নং স্মারকে অনুরোধ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তার ০৩ (তিন)টি শূন্য পদে ০৩ (তিন) জন উপসচিব পদমর্যাদার উপযুক্ত কর্মকর্তা প্রেষণে জনস্বার্থে পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।


(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব

ফোন: ০২-২২৩৩৫৩৬২৫

মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০

ই-মেইল: lgcc1@lgd.gov.bd

সিনিয়র সচিব

জনপ্রশাসন মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি-জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ফুলবাড়ীয়া, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। অফিস কপি।